দৈনিক খবর
তারিখ 09 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 8

21

# কুমিল্লা বোর্ড ঃ এসএসসি পরীক্ষায় পাসের হার ৬২ দশমিক ২৬

।। ষ্টাফ রিপোর্টার ।।

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফল গতকাল শনিবার প্রকাশিত হয়েছে। এবার কুমিল্লা বোর্ডের অধীনে এক লাখ ২৮ হাজার ৬৫৫ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল। এরমধ্যে ৮০ হাজার ৯৯ জন পাস করেছে। প্রথম বিভাগে ৩৩ হাজার ৭৫২ জন, দ্বিতীয় বিভাগে ৩০ হাজার ৮৫৬ ও তৃতীয় বিভাগে ১৫ হাজার ৪৯১ জন পাস করে। পাসের হার শতকরা ৬২ দশমিক ২৬ ভাগ।

গত এপ্রিল ও মে মাসে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় সাধারণ বিজ্ঞান বিভাগ থেকে ৫২ হাজার ৯৫৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এরমধ্যে রয়েছে৪০ হাজার ৬৮৩ জন ছাত্র ও ১২ হাজার ২৭২ জন ছাত্রী। পাস করেছে ৪০ হাজার ২৩০ জন। এরমধ্যে প্রথম বিভাগে ২৩ হাজার ৩৯৩ জন, দ্বিতীয় বিভাগে ১১ হাজার ১৫৪ জন ও তৃতীয় বিভাগে হাজার ৬৮৩ জন। পাসের হার শতকরা ৭৫ দশমিক ৯৭ ভাগ।



গর্বিত মা ও বাবার সঙ্গে আরিফুজ্জামান —খবর

সমাজ বিজ্ঞান বিভাগে ৭৫ হাজার ৭০০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছিল। এরমধ্যে নিয়মিত ছাত্র ৩৯ হাজার ৩৩৩ জন ও নিয়মিত ছাত্রী ৩০ হাজার ৯০১ জন এবং প্রাইভেট ছাত্র ৩ হাজার ৪৬০ জন ও প্রাইভেট ছাত্রী ২ হাজার ৬ জন। পাস করেছে ৩৯ হাজার ৮৬৯ জন। এরমধ্যে প্রথম বিভাগে ১০ হাজার ৩৫৯ জন, দ্বিতীয় বিভাগে ১৯ হাজার ৭০২ জন ও তৃতীয় বিভাগে ৯ হাজার ৮০৮ জন পাস করে। পাসের হার শতকরা ৫২ দশমিক ৬৭ ভাগ।

এবার সম্মিলিত মেধা তালিকায় কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ আরিফুজ্জামান ৬টি বিষয়ে লেটার নম্বরসহ ৮৯৯ নম্বর পেয়ে প্রথম হয়েছেন। দ্বিতীয় হয়েছেন একই কলেজের মোহাম্মদ জামিল হোসেন। ফয়জুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের ফাহমিদা নওয়াজেশ তৃতীয় হয়। সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান বিভাগ নিয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ২০ জনই সাধারণ বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রী। সাধারণ বিজ্ঞান বিভাগে ২০তম স্থান অধিকারিনীর প্রাপ্ত নম্বর ৮৭৪। অপরদিকে সমাজ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারীর প্রাপ্ত নম্বর ৮৬৬ সকল বিভাগেই সম্মিলিত মেধা তালিকায় প্রথম ২০ জনই স্টার মার্ক পেয়েছে।

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এক বিজ্ঞপ্তিতে বলেছে, কোন পরীক্ষার্থীর প্রকাশিত ফলাফলে মুদ্রণজনিত ভুল-ত্রুটি থাকলে ফল প্রকাশের ৩০ দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে জানাতে হবে। প্রকাশিত ফলাফলে কোন রকম গরমিল বা ভুল-ত্রুটি থাকলে কর্তৃপক্ষ তা সংশোধন, পরিবর্তন বা সম্পূর্ণ বাতিল করতেপারবে।